তারিখ 08 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

প্রথম আলো

## শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিলের নির্দেশ

ভর্তির নীতিমালা অমান্য করে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করায় চট্টগ্রামের ছয়টি শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিলের ব্যবস্থা নিতে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডকে গত বৃহস্পতিবার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হলো চট্টগ্রামের মেরন সান স্কুল অ্যান্ড কলেজ, মেরিট বাংলাদেশ স্কুল অ্যান্ড কলেজ, জামালখানের চিটাগাং আইডিয়াল হাইস্কুল, ন্যাশনাল ইংলিশ স্কুল, বাংলাদেশ এলিমেন্টরি স্কুল ও মির্জা আহম্মেদ ইস্পাহানি উচ্চবিদ্যালয়। মন্ত্রণালয় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে এ নির্দেশ দিয়েছে। অপর এক নির্দেশনায় একই কারণে চট্টগ্রামের আরও পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি কেন বাতিল করা হবে না, তার ব্যাখ্যা দিতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়।

● নিজস্ব প্রতিবেদক